আজকের কাগজ

তারিখ 31 MAY 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

01

# জেনেটিক কম্পিউটার স্কুলের দ্বার উন্মোচন ১ জুন

সিঙ্গাপুরস্থ জেনেটিক কম্পিউটার স্কুল (জিসিএস) প্রথমবারের মতো বাংলাদেশে পূর্ণাঙ্গ শাখা খুলছে। এ শাখায় সিঙ্গাপুরের সব ধরনের বেনিফিটই থাকছে। সিঙ্গাপুরের ব্যায়বহুল জীবনযাত্রা এবং শিক্ষা খরচ বাঁচিয়ে বাংলাদেশে এ স্কুল দেবে একই মানের কম্পিউটার শিক্ষা। বাংলাদেশস্থ জেনেটিক কম্পিউটার স্কুলের শাখা থেকে এর একজন ছাত্র ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স, হায়ার ডিপ্লোমা ইন কম্পিউটার, সায়েন্স, ব্রিটিশ কম্পিউটার সোসাইটি-এর ১ম ও ২য় পার্ট পরীক্ষা শেষ করার পর উপরোক্ত বিশ্ববিদ্যালয়গুলোর যে কোনোটিতে সরাসরি মাস্টারস ইন সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স-এ ভর্তি হতে পারবে। এক্ষেত্রে অবশ্য অন্যান্য আনুষঙ্গিক আনুষ্ঠানিকতাতেও উত্তীর্ণ হতে হবে।

১ জুন '৯৫-এ প্রতিষ্ঠানের দ্বার উন্মোচন করা হবে। এ ব্যাপারে যাবতীয় তথ্যের জন্যে ১ জুন সকাল ৯টা থেকে জেনেটিক কম্পিউটার স্কুল, ৫ মহাখালী বা/এ, ৮ম তলা, ঢাকায় যোগাযোগ করার জন্য বলা হয়েছে।

Log.